খুলনা বিশ্ববিদ্যালয়
ইংরেজি ডিসিপ্লিন
এম এ ইন ইংলিশ ল্যাংগুয়েজ প্রোগ্রাম (শিক্ষাবর্ষ ২০১৭-২০১৮)
ভর্তি সংক্রান্ত তথ্যাবলী

১। **প্রোগ্রামের মেয়াদ ঃ** ০১ বছর (০৩ টার্ম)

২। **আসন সংখ্যা ঃ** সাধারণ আসন সংখ্যা ৫৫ (পঞ্চান্ন)। এছাড়া, মুক্তিযোদ্ধা ও উপজাতি কোটায় আরও ১টি করে মোট ২টি আসন সংরক্ষিত থাকবে। প্রয়োজনে ভর্তি কমিটি আসন সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন। কোটায় আসন শূন্য থাকলে সাধারণ অপেক্ষমান তালিকা থেকে মেধাক্রম অনুযায়ী আসন পূর্ণ করা হবে।

৩। **আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ঃ**

(ক) প্রার্থীর এস এস সি থেকে শুরু করে পরবর্তী সকল পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ থাকতে হবে।

খ) **উপরন্তু, প্রার্থীর নিম্নলিখিত যে কোনো একটি যোগ্যতা থাকতে হবে ঃ**

(i) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়/সমমানের প্রতিষ্ঠান থেকে ইংরেজি ভাষা/সাহিত্য/ভাষাবিজ্ঞান-এ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি।

(ii) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়/সমমানের প্রতিষ্ঠান থেকে ইংরেজি ভাষা/সাহিত্য/ভাষাবিজ্ঞান-এ ০৩ (তিন) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ও ০১ (এক) বছর মেয়াদি স্নাতকোত্তর ডিগ্রি।

(iii) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়/সমমানের প্রতিষ্ঠান থেকে ০৩ (তিন) বছর মেয়াদি স্নাতক ও ০১/০২ বছর মেয়াদি স্নাতকোত্তর ডিগ্রি। তবে শর্ত থাকে যে, প্রার্থীর স্নাতক পর্যায়ে আবশ্যিক ইংরেজি বিষয়ে ন্যূনতম ৪৫% মার্কস/সিজিপিএ ২.৫ থাকতে হবে।

(iv) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়/সমমানের প্রতিষ্ঠান থেকে ০২ (দুই) বছর মেয়াদি স্নাতক ও ০২ (দুই) বছর মেয়াদি স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। এ ছাড়াও কমপক্ষে ০২ (দুই) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।

(v) খুলনা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি ব্যতীত অন্য কোনো ডিসিপ্লিন থেকে স্নাতক ডিগ্রিধারীদের ক্ষেত্রে স্নাতক পর্যায়ে আবশ্যিক ইংরেজি বিষয়ে ন্যূনতম সিজিপিএ ৩.০ থাকতে হবে।

গ) স্নাতক (সম্মান)/ মাস্টার্স অবতীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবেন। তবে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হলে তাঁদেরকে অবশ্যই স্নাতক (সম্মান)/মাস্টার্স পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রমাণপত্র দাখিল করতে হবে। অন্যথায় তাদের ভর্তির জন্য মনোনয়ন বাতিল হয়ে যাবে।

৪। চাকুরিরত প্রার্থীদের আবেদনপত্রের সাথে নিয়োগকর্তা প্রদত্ত অভিজ্ঞতা সনদপত্র দাখিল করতে হবে। ভর্তির জন্য মনোনীত হলে তিনি শিক্ষা কার্যক্রমে নিরবিচ্ছিন্নভাবে অংশ নিতে পারবেন মর্মে নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করবেন।

৫। প্রোগ্রামটি নিজ খরচে সম্পন্ন করতে হবে। প্রোগ্রাম ফি সর্বমোট =৬৯,৮০০/- (উনসত্তর হাজার আটশত) টাকা মাত্র/- (বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি ব্যতীত), যা তিন টার্মে প্রদেয়। সেমিনার লাইব্রেরী ফি বাবদ অতিরিক্ত ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ভর্তির সময়ে এককালীন প্রদেয়।

৬। ইংরেজি ভাষা/সাহিত্য/ভাষা বিজ্ঞান-এ স্নাতক (সম্মান) ব্যতীত প্রার্থীগণ কে ২০ (বিশ) ঘন্টার একটি নন-ক্রেডিট কোর্স সম্পন্ন করতে হবে। এই র্কোসের জন্য প্রার্থী কে অতিরিক্ত ২৮০০/- (দুই হাজার আটশত) টাকা প্রদান করতে হবে।

৭। খুলনা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট (www.ku.ac.bd) থেকে আবেদনপত্র ও ভর্তি সংক্রান্ত তথ্যাবলী সংগ্রহ করতে হবে। প্রার্থীকে ডিসিপ্লিন কার্যালয়ে আবেদনপত্রের মূল্য বাবদ =২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (সভাপতি, এমএ ভর্তি কমিটির নামে অগ্রণী ব্যাংক খুলনা বিশ্ববিদ্যালয় শাখায় প্রদেয়) প্রদান করতে হবে।

৮। সর্বোচ্চ বয়সসীমা ৫০ বছর।

৯। **আবেদনপত্রের সাথে ছবিসহ নিম্নলিখিত সনদপত্র সংযুক্ত করতে হবেঃ**

ক) সকল পরীক্ষার সত্যায়িত মার্কশীট ও সনদপত্রের কপি এবং প্রযোজ্য অন্য সব সনদপত্রের কপি।

খ) পাসপোর্ট সাইজের ২ (কপি) ছবি

১০। ০৩/০১/২০১৯খ্রি. হতে **১৫**/০১/২০১৯খ্রি.তারিখের মধ্যে দুই কপি ছবি ও প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রসহ অফিস চলাকালীন সময়ে কবি জীবনানন্দ দাশ ভবনস্থ ইংরেজি ডিসিপ্লিন কার্যালয়ে জমা প্রদান করতে হবে।

১১। ভর্তি পরীক্ষা ইংরেজি ভাষা (Grammar, Composition & Translation) বিষয়ের ওপরে অনুষ্ঠিত হবে।

১২। ভর্তি পরীক্ষার ফলাফল নিজ দায়িত্বে ইংরেজি ডিসিপ্লিনের নোটিশ বোর্ড/ খুলনা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট www.ku.ac.bd দেখে জেনে নিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

১৩। ভর্তি সংক্রান্ত তারিখসমূহঃ

ক) ভর্তি ফরম জমা দেয়ার তারিখ	ঃ ০৩/০১/২০১৯ খ্রি. থেকে ১৫/০১/২০১৯ খ্রি.পর্যন্ত
সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত	(সকাল ১০ঃ০০টা থেকে বিকাল ৪ঃ০০টা পর্যন্ত)
খ) যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশ	ঃ ১৬/০১/২০১৯ খ্রি.
গ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়	ঃ ১৯/০১/২০১৯ খ্রি. লিখিত ঃ সকাল ৯ঃ৩০টা থেকে সকাল ১০ঃ৩০ পর্যন্ত
ঘ) উত্তীর্ণ প্রার্থীদের তালিকা তালিকা প্রদান	ঃ ২০/০১/২০১৯ খ্রি.
ঙ) সাধারণ আসন থেকে ভর্তি	ঃ ২১/০১/২০১৯ খ্রি. দুপুর ২ঃ০০টা থেকে বিকাল ৪ঃ০০টা পর্যন্ত
চ) অপেক্ষমান তালিকায় ভর্তির জন্য প্রার্থীদের নিবন্ধন	ঃ ২১/০১/২০১৯ খ্রি.সকাল ৯ঃ৩০টা থেকে সকাল ১১ঃ০০টা পর্যন্ত
ছ) অপেক্ষমান তালিকায় নির্বাচিত প্রার্থীদের ভর্তি	ঃ ২১/০১/২০১৯ খ্রি. বিকাল ৪ঃ০০টা থেকে বিকাল ৪ঃ৩০টা পর্যন্ত
জ) কোটা তালিকায় নির্বাচিত প্রার্থীদের নিবন্ধন	ঃ ২১/০১/২০১৯ খ্রি. সকাল ৯ঃ৩০টা থেকে সকাল ১১ঃ০০টা পর্যন্ত
ঝ) কোটা তালিকায় নির্বাচিত প্রার্থীদের ভর্তি	ঃ ২১/০১/২০১৯ খ্রি. দুপুর ২ঃ০০টা থেকে বিকাল ৪ঃ০০টা পর্যন্ত
ঞ) কোর্স রেজিষ্ট্রেশন (জরিমানা ব্যতীত)	ঃ ২৩/০১/২০১৯ খ্রি. থেকে ২৮/০১/২০১৯ খ্রি.পর্যন্ত
(জরিমানা সহ)	ঃ ২৯/০১/২০১৯ খ্রি. থেকে ৩১/০১/২০১৯ খ্রি.পর্যন্ত
ট) ক্লাশ শুরু	ঃ ২৫/০১/২০১৯ খ্রি.

১৪। ভর্তি বিষয়ক যে কোনো নিয়ম-কানুন পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজনের ক্ষমতা খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বিঃ দ্রঃ **১। কোটা তালিকায় নির্ধারিত প্রার্থীদের ভর্তি খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক সনদপত্রের সত্যায়ন প্রাপ্তি সাপেক্ষে চূড়ান্ত হবে।**

২। ইউজিসি কর্তৃক যে সকল বিশ্ববিদ্যালয়ের সনদ অবৈধ ঘোষিত হয়েছে সে সকল প্রতিষ্ঠানের সনদধারীদের ভর্তির আবেদন গৃহীত হবে না।

(প্রফেসর ড. আহমেদ আহসানুজ্জামান)

প্রধান, ইংরেজি ডিসিপ্লিন

ও

সভাপতি

এম এ ইন ইংলিশ ল্যাংগুয়েজ ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ ২০১৭-১৮)

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা- ৯২০৮